যুগান্তর

তারিখ ... 22 FEB 2009
২৬ ... ৭

# কুমিল্লা বোর্ডের পাঠ্যসূচি অনুযায়ী প্রশ্ন না হওয়ায় শিক্ষার্থীদের ক্ষোভ

বেগমগঞ্জ (নোয়াখালী) প্রতিনিধি

পাঠ্যসূচি অনুযায়ী প্রশ্নপত্র না হওয়ায় বৃহস্পতিবার কুমিল্লা বোর্ডের অধীন অনুষ্ঠিত এসএসসি বাংলা প্রথমপত্রের পরীক্ষায় বাংলাসহ পাঠ অংশের প্রশ্নের উত্তর দিতে পারেনি বলে অভিযোগ করেছেন নোয়াখালীর অনেক শিক্ষার্থী ও অভিভাবক। শুক্রবার সন্ধ্যায় নোয়াখালী সাংবাদিক ইউনিটি কার্যালয়ে সংবাদ সম্মেলনে এ বিষয়ে চৌমুহনী বালিকা উচ্চবিদ্যালয়ের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের, অভিভাবকরা ক্ষোভ ও অসন্তোষ প্রকাশ করেছেন। তারা এ বিষয়ে প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রীসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের দ্রুত হস্তক্ষেপ কামনা করেছেন। নোয়াখালী বেগমগঞ্জের সোনাইমুড়ী সদর, কবিরহাট, সেনবাগের পরীক্ষার্থীরাও এ ধরনের পরিস্থিতির শিকার হয়েছে বলে খবর পাওয়া গেছে। তবে বোর্ড কর্তৃপক্ষের ভাষ্য হল, কিছু কিছু শিক্ষা প্রতিষ্ঠান বোর্ডের পাঠ্যসূচি সংক্রান্ত নির্দেশনা অনুসরণ না করার কারণে এ সমস্যার সৃষ্টি হয়েছে। এ অবস্থায় শিক্ষার্থীরা যাতে ক্ষতিগ্রস্ত না হন সে বিষয়ে তারা প্রয়োজনীয় পদক্ষেপ নেবেন। কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোঃ আতিকুর রহমান সাংবাদিকদের জানান, বিষয়টি আসলে স্কুলগুলোর সমস্যা। ২০০৯ সালে যে একমুখী শিক্ষানীতি চালু করার কথা ছিল, তা এক বছর স্থগিত করার পর স্কুলগুলোতে ২০০৮ সালের যে পাঠ্যসূচি পাঠানো হয়েছে তা অনুসরণ করলে এ সমস্যার সৃষ্টি হতো না। কারণ ওই পাঠ্যসূচিতে কেবল একটিমাত্র নাটক ও একটিমাত্র উপন্যাস অন্তর্ভুক্ত করা হয়েছিল। তিনি জানান, এরপরও বৃহস্পতিবার পরীক্ষা শুরু হওয়ার পর বিভিন্ন এলাকা থেকে স্কুল পড়ানো নাটক ও উপন্যাস থেকে প্রশ্ন না হওয়ার খবর পেয়ে তারা বিষয়টি গুরুত্বের সঙ্গে নেন এবং যেসব জায়গা থেকেই খবর এসেছে, তাদের শিক্ষার্থীদের ক্ষতি পুষিয়ে দেয়া হবে বলে আশ্বস্ত করতে বলা হয়েছে।